Vol. IV, Issue-I, 2024 ISSN:2584-0126

SKBU JOURNAL OF PHILOSOPHY
PEER REVIEWED

# ন্যায়মত ও বেদান্তমত অনুসরণ করে শরীর ও ইন্দ্রিয় সম্পর্কিত আলোচনা

মৌসুমী খাতুন

সারসংক্ষেপ

ভারতীয় ও পাশ্চাত্য উভয় দর্শনে মনুষ্যাদির শরীরের স্বরূপ সম্পর্কে নানা মতভেদ রয়েছে। ভারতীয় দর্শনে ন্যায় ও বৈদান্তিকগণের মধ্যে আমরা এ সম্পর্কে নানা মতভেদ লক্ষ্য করেছি। ন্যায়মতে, মনুষ্যাদির শরীর এক ভৌতিক অর্থাৎ কেবলমাত্র পৃথিবী দ্বারা জীব শরীর গঠিত। কিন্তু বৈদান্তিকগণ বলেন যে, শরীর পাঞ্চভৌতিক। শরীরকে যদি পাঞ্চভৌতিক বলা হয় তাহলে শরীরের সর্বাংশে রূপ, রস প্রভৃতি রয়েছে বলতে হবে। কিন্তু, শরীরের সর্বাংশে আমাদের গন্ধের উপলব্ধি হয়। আবার, নৈয়ায়িকগণ বলেন যে, শরীর ও ইন্দ্রিয়ের মধ্যে যে সম্পর্ক তা অবয়ব-অবয়বীর সম্পর্ক। বৈদান্তিকগণ তাদাত্ম্য সম্পর্কের কথা বলেন। প্রশ্ন হল যে, অঙ্গ-প্রত্যঙ্গগুলিকে পৃথক করলে শরীর বলে কি কিছু অবশিষ্ট থাকবে? আর যদি থাকে তাহলে তার স্বরূপ কী? সে সম্পর্কে ব্যাখ্যা করার প্রয়োজন। এখানে শরীরের স্বরূপ সম্পর্কে একটি তুলনামূলক আলোচনা করা হল।